

২০২৫

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-3

(বাংলা রূপকথা, শিশু কিশোর ও গোয়েন্দা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) “মহর্ষি মহাদেবকে প্রণাম করে এক অঞ্জলি দুধের ধারা পান করলেন। তারপর বাপ্পার দিকে ফিরে বললেন...”
—মহর্ষির নাম কী? তিনি বাপ্পাদিত্যকে সেদিন কী বলেছিলেন?

খ) ‘একশো বছর পরে পদিপিসির বর্মিবাক্স আমি আবিষ্কার করব। জানিস, তাতে এক-একটা...’ —তাতে কী ছিল বলে পাঁচু মামার অনুমান?

গ) ‘পদিপিসির বর্মিবাক্স’ কার লেখা? কোন পত্রিকায় রচনাটি প্রথম প্রকাশিত হয়? লেখকের সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।

(পরের পাতায়)

- ঘ) 'কারুর যদি দাঁতটি নড়ে'— 'শিবঠাকুরের আপনদেশে' কোনো ব্যক্তির দাঁত নড়লে কী শাস্তি ভোগ করতে হয়?
- ঙ) 'ঠাকুরমার ঝুলি' রচনাটির সংকলক কে? কবে এটি গ্রন্থ রূপে প্রকাশিত হয়?
- চ) "জমাদার উৎসাহিত হয়ে হাত পা নেড়ে বলতে শুরু করলে, ব্যাপারটা কি হয়েছিল শুনুন তাহলে।" — জমাদারের বর্ণিত ব্যাপারটি নিজের ভাষায় উল্লেখ করো।
- ছ) "তারপর আর্কিমিডিস যেমন 'ইউরেকা' বলে লাফিয়ে উঠেছিলেন, ঠিক তেমনি তিনিও লাফিয়ে উঠলেন। সমস্ত রহস্যটাই তাঁর কাছে জল হয়ে গেছে।" — এখানে কার কথা বলা হয়েছে? আর্কিমিডিস কে?
- জ) 'নীলমণিবাবু তাহলে নিরস্ত্র যুদ্ধের কায়দা আগে থেকে জানতেন' — নিরস্ত্র যুদ্ধের কায়দাটি কী? নীলমণিবাবু সেটি জেনেছিলেন কীভাবে?
- ঝ) 'মনে প্রাণে আপনারা যে কত এক ছিলেন, তার প্রমাণ ক্লাবের নাম' — কাদের কথা বলা হয়েছে? তাদের ক্লাবের নাম কী ছিল?
- ঞ) 'তাই না শুনে উৎসাহেতে উঠল বুড়ো মদ' — বুড়ো মদটি কে? কী শুনে সে উঠল?
- ট) 'নীলকমলের নাম শুনিয়া খোকসেরা ভয়ে তিন হাত পিছাইয়া গেল' — নীলকমলকে তারা এত ভয় পেত কেন?
- ঠ) 'দাদার গবেষণার নোটস সমেত সীল করা খামটা পাওয়া গেছে' — কার গবেষণার নোটস? কী নিয়ে তার গবেষণা?

- ড) "একটু বাদে একজন বেশ ভালো চেহারার লোক ঘরে ঢুকেই বললেন, 'বরদাবাবু, একটা মার্ভার কেস'।" — লোকটি কে? মার্ভার কেসটা কী?
- ঢ) "নদীর ধারে বাঁশের বন হাওয়ায় খেলে, বাতাস দোলে। এক কৃষাণ সেই বনের বাঁশ কাটিল। বাঁশ চিরিয়া দেখে..." — কী দেখল কৃষাণ? তারপর কী ঘটল তার জীবনে?
- ণ) 'সামনে তাহার খাদ্য ঝোলে যার যেরকম রুচি' — 'খুড়োর কল' কবিতার উদ্ধৃত অংশের পরের পংক্তিটি লেখো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) 'ইদানীং রামায়ণ-মহাভারত হল ফেলুদার যাকে বলে স্টেপল রিডিং' — এই স্টেপল রিডিং-এর ছাপ 'গোলকধাম' রহস্য কাহিনিতে কোথায় কীভাবে পড়েছে তা দেখাও।
- খ) নবনীতা দেবসেনের 'ইচ্ছামতী' গল্পটিতে রূপকথার যে সব বৈশিষ্ট্য খুঁজে পাওয়া যায়, সেগুলি নির্দেশ করো।
- গ) "...রাজা খুব জাঁকজমকে লালুর সঙ্গে তাঁর মেয়ের বিয়ে দিলেন। তাঁর বয়সও হয়েছিল ঢের, কাজেই রাজ্যও সেই সঙ্গে দিয়ে দিলেন তারই হাতে।" — গরীব ঘরের ছেলে লালুর রাজকন্যা ও রাজ্যলাভের ক্ষেত্রে তার সঙ্গী জন্তু-জানোয়ারগুলি কীভাবে তাকে সাহায্য করেছিল তা সংক্ষেপে বর্ণনা করো।
- ঘ) "টুনটুনি আসলে মানুষের ভিতরকার নির্ভীক স্বাধীন সত্তা। তাকে দমন বশীভূত করতে গেলে অপমানিত হতে হয়।" — এই মন্তব্যের আলোকে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লেখা গল্পটি বিচার করো।

ঙ) ‘কিন্তু শৈলেন সাবধানী এবং হিসেবী ও অত্যন্ত বুদ্ধিমান’—
আশালতা সিংহের ‘রহস্যভেদ’ গল্পের প্রথম ভাগ অবলম্বনে
শৈলেনের উল্লিখিত গুণাবলির পরিচয় দাও।

চ) ‘পদিপিসির বর্মিবাক্সের যে রত্নটি ছোটদের সবচেয়ে প্রিয়,
সেটি হলো পাঁচুমামা’ — পাঁচুমামা চরিত্রটির পরিচয় দিয়ে
মন্তব্যটি বিচার করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘তদন্ত’ কাহিনির উপস্থাপন
কৌশলের বিশিষ্টতা বিশ্লেষণ করো।

খ) “নীলমণিবাবুর অজানা আসামী স্বয়ং নীলমণিবাবু।”
—নীলমণিবাবু কে? তিনি কোন আসামীর খোঁজ পাননি
এতদিন? ব্যোমকেশ কীভাবে নীলমণিবাবুর অজানা
আসামীকে খুঁজে দিয়েছিলেন তা সবিস্তারে বর্ণনা করো।

১+১+৮=১০

গ) “যাহা আজগুবি, যাহা উদ্ভট, যাহা অসম্ভব, তাহাদের লইয়াই
এই পুস্তকের কারবার। ইহা খেয়াল রসের বই।”—এই
মন্তব্যের আলোকে সুকুমার রায়ের ‘খিচুড়ি’ ও ‘খুড়োর কল’
কবিতা দুটি বিচার করো।

ঘ) “একদিন শ্রাবণ মাসে নতুন নতুন ঘাসের উপর গরুগুলি
চরতে দিয়ে বনের পথে বাগ্মাদিত্য একা একা ঘুরে
বেড়াচ্ছিলেন। সেদিন ঝুলন পর্ব...” —ঝুলন পর্বের দিন
বাগ্মার জীবনে কী ঘটনা ঘটেছিল? ঐ ঘটনা বাগ্মার জীবন-
পরিণামকে কীভাবে প্রভাবিত করেছিল? ৩+৭=১০